

মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ২৩১

৫. জুম'আ প্রসঙ্গ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ৪. জুম'আর দিনে যাহার নকসীর হয় তাহার সম্পর্কে যাহা বর্ণিত হইয়াছে

بَاب مَا جَاءَ فِيمَنْ رَعَفَ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

قَالَ مَالِكٌ مَنْ رَعَفَ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ فَخَرَجَ فَلَمْ يَرْجِعْ حَتَّىٰ فَرَغَ الْإِمَامُ مِنْ صَلَاتِهِ فَإِنَّهُ يُصَلِّي أَرْبَعًا قَالَ مَالِكٌ فِي الَّذِي يَرْكَعُ رَكْعَةً مَعَ الْإِمَامِ يَوْمَ الْجُمُعَةِ ثُمَّ يَرْعِفُ فَيَخْرُجُ فَيَأْتِي وَقَدْ صَلَّى الْإِمَامُ الرُّكْعَتَيْنِ كُلْتَيْهِمَا أَنَّهُ يَبْنِي بِرَكْعَةٍ أُخْرَىٰ مَا لَمْ يَتَكَلَّمْ قَالَ مَالِكٌ لَيْسَ عَلَىٰ مَنْ رَعَفَ أَوْ أَصَابَهُ أَمْرٌ لَا بُدَّ لَهُ مِنَ الْخُرُوجِ أَنْ يَسْتَأْذِنَ الْإِمَامَ يَوْمَ الْجُمُعَةِ إِذَا أَرَادَ أَنْ يَخْرُجَ

বাংলা

রেওয়ায়ত ১২. ইয়াহইয়া (রহঃ) হইতে বর্ণিত, মালিক (রহঃ) বলিয়াছেনঃ জুম'আর দিন ইমামের খুতবা প্রদানের সময় যাহার নকসীর হইয়াছে, তারপর সে (মসজিদ হইতে) বাহির হইয়া গিয়াছে এবং সে প্রত্যাগমন করিয়াছে এমন সময় যখন ইমাম নামায সমাপ্ত করিয়াছেন, তবে সে চার রাকাআত পড়িবে।

ইয়াহইয়া (রহঃ) বলেন- মালিক (রহঃ) বলিয়াছেনঃ যে ব্যক্তি জুম'আর দিন ইমামের সহিত এক রাকাআত পড়ে, তারপর তার নকসীর হয়, (সে কারণে) সে বাহির হইয়া যায়, অতঃপর ইমাম কর্তৃক দুই রাকাআত সমাপ্ত করার পর সে ফিরিয়া আসে তবে সেই ব্যক্তি আর এক রাকাআত পড়িয়া নিবে, যদি কোন কথা না বলিয়া থাকে।

ইয়াহইয়া (রহঃ) বলেন- মালিক (রহঃ) বলিয়াছেন ; যাহার নকসীর হইয়াছে অথবা মসজিদ হইতে বাহির হওয়ার জন্য কোন কারণ উপস্থিত হইয়াছে, তবে তাহাকে বাহির হওয়ার জন্য ইমামের অনুমতি গ্রহণ করিতে হইবে না।

English

Malik said, "Someone who has a nosebleed on the day of jumua while the imam is giving the khutba and he leaves and does not come back until the imam has finished the prayer, should pray four rakas."

Malik said that someone who prayed a raka with the imam on the day of jumua, then had a nosebleed and left and came back and the imam had prayed both rakas, should complete the prayer with another raka as long as he had not spoken.

Malik said, "If some one has a nosebleed, or something happens to him and he has no alternative but to leave, he does not have to ask permission of the imam if he wants to leave on the day of jumua."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73124>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন